

বনিব-বাত্রা মঙ্গলবার, জানুয়ারি ২০, ২০২৬ ■ মাঘ ৬, ১৪৩২



## তারেক রহমানের সঙ্গে এপিইউবি প্রতিনিধি দলের সাক্ষাৎ

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) একটি প্রতিনিধি দল। বিএনপির গুলশান কার্যালয়ে রোববার এ বৈঠক অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি মো. সবুর খান ও মহাসচিব ইশতিয়াক আবেদিন আট সদস্যের প্রতিনিধি দলটির নেতৃত্ব দেন। বৈঠকে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ, এপিইউবির ভাইস চেয়ারম্যান কেবিএম মঈন উদ্দিন চিশতী, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিজ আল কায়সার, ব্র্যাক বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান তামারা হাসান আবেদ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের সদস্য এমএ কাশেম ও ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ ট্রাস্টি বোর্ডের সদস্য জাভেদ হোসাইন উপস্থিত ছিলেন। —বিজ্ঞপ্তি